# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 24.08.2024 Time: 7-35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) RG কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক অনিয়মের'ও তদন্ত করবে সিবিআই। সিবিআই-এর আবেদনে সাড়া দিয়ে আদালত, সন্দীপ ঘোষ সহ সাতজনের পলিগ্রাফ টেস্টের অনুমতি দিয়েছে।

২) স্বাস্থ্য সচিব, আন্দোলনকারী চিকিৎসকদের কাজে ফেরার আর্জি জানালেও, আরজিকরের জুনিয়ার চিকিৎসকেরা তাঁদের কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্তে অনড় রয়েছেন।

৩) রাজ্য সরকার, স্কুল পড়ুয়াদের রাস্তা অবরোধ সহ স্কুল বহির্ভূত যেকোনো কর্মসূচিতে নিয়ে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে।

৪) চলতি বছরে ৭৫ হাজার কৃষককে রাজ্য সরকার আধুনিক কৃষি সরঞ্জাম কিনতে সাহায্য করবে।

৫) ঘূর্ণাবর্ত ও নিম্নচাপের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে।

৬) মোহনবাগান সুপার জয়েন্ট ও বেঙ্গালুরু -এফসি, আগামী মঙ্গলবার যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি হবে।

*************************************************************************

কেন্দ্রীয় তদন্ত ব্যুরো CBI, আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক অনিয়মেরও তদন্ত করবে। কলকাতা হাইকোর্ট ৩'সপ্তাহ পর CBIকে ওই তদন্তের প্রাথমিক রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। রাজ্য সরকার আগে এর জন্যে চার সদস্যের বিশেষ তদন্তকারী দল বা সিট গঠন করেছিল। কিন্তু তা খারিজ করে দিয়ে কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ গতকাল বলেন, একাধিক সংস্থা তদন্ত করলে বিষয়টি জটিল এবং সময়সাপেক্ষ হতে পারে। তাই মূল ঘটনার সঙ্গে আর্থিক দুর্নীতির তদন্তও করবে সিবিআই। সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক অনিয়মের তদন্তভার ইডি-কে দেওয়ার জন্য হাইকোর্টে মামলা করেন ওই হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি। মামলাকারী আখতার আলি আদালতের এই নির্দেশের পর বলেন-

( বাইট- আখতার আলি )

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও হাইকোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস বলেছে, আর জি কর কান্ডে সিবিআইকে তদন্তভার দেওয়া হলেও তারা কোনোই অগ্রগতি ঘটাতে পারেনি। দলের নেতা কুনাল ঘোষ সাংবাদিকদের বলেন, এক্ষেত্রেও সিবিআই তদন্তের কোনো সুরাহা হবে কিনা, তা নিয়ে তারা সন্দিহান।

এদিকে, CBI –এর আবেদনে সাড়া দিয়ে আদালত, সন্দীপ ঘোষের পলিগ্রাফ টেস্টের জন্য আদালত অনুমতি দিয়েছে। শিয়ালদহ আদালত গতকাল সন্দীপ সহ সাতজনের পলিগ্রাফ টেস্টের জন্য সম্মতি দেয়। অন্যরা হল এই ঘটনায় ধৃত সঞ্জয়, চার চিকিৎসক ও এক সিভিক ভল্যান্টিয়ার। পলিগ্রাফ টেস্টের মাধ্যমে এই খুন ও ধর্ষণের ঘটনায় সমাধান সুত্র খুঁজে পাওয়া যাবে বলে তদন্তকারীরা আশা করছেন।

সন্দীপ ঘোষকে গতকাল অষ্টম দিনেও সি বি আই আধিকারিকরা CGO কমপ্লেক্সে জেরা করেন। সেই সঙ্গে ধৃত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায় ঘনিষ্ট কলকাতা পুলিশের ASI

অনুপ দত্তকে গভীর রাত পর্যন্ত জেরা করা হয়। ৮ থেকে ১৫ ই আগস্ট পর্যন্ত কর্তব্যরত পুলিশকর্মীদের মধ্যে ১০ জনকেও জিজ্ঞাসাবাদ চলে গভীর রাত পর্যন্ত। ধৃত সঞ্জয় রায়কে গতকাল শিয়ালদা আদালতে তোলা হলে, আবারো ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়েছে।

*************************

অন্যদিকে, সন্দীপ ঘোষকে আদালতের নির্দেশে ছুটিতে পাঠানো হয়েছে বলে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম জানিয়েছেন। তিনি গতকাল স্বাস্থ্য ভবনে এক সাংবাদিক বৈঠকে বলেন, ন্যাশনাল মেডিকেল কলেজে তাঁর পোস্টিং বাতিল করা হয়েছে। আন্দোলনকারী চিকিৎসকদের ফের কাজে ফেরার আর্জি জানিয়ে স্বাস্থ্যসচিব বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশমতো হাসপাতালের নিরাপত্তা সুনিশ্চিত ও পরিকাঠামোর উন্নয়ন করা হয়েছে। আর জি করের নিরাপত্তায় মোতায়েন করা হয়েছে আধাসামরিক বাহিনী । তিনি আরও বলেন, চিকিৎসকদের কর্মবিরতির জেরে সব থেকে সমস্যায় পড়ছেন গরিব রোগীরা। কারণ তারাই সরকারি স্বাস্থ্য পরিষেবার ওপর সব থেকে বেশী নির্ভরশীল। তাই রোগী স্বার্থের কথা মাথায় রেখে অবিলম্বে আন্দোলনকারী চিকিৎসকদের কাজে যোগদানের অনুরোধ করেন স্বাস্থ্যসচিব।

RG KAR হাসপাতালের জুনিয়ার চিকিৎসকেরা অবশ্য তাদের কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্তে অনড়। আন্দোলনরত চিকিৎসকদের এক প্রতিনিধি দল গতকাল সিজিও কমপ্লেক্সে CBI আধিকারিকদের সঙ্গে দেখা করে তদন্তের গতিপ্রকৃতি জানতে চান। দু’পক্ষের মধ্যে প্রায় এক ঘন্টা কথাবার্তা হয়। পরে চিকিৎসকেরা সাংবাদিকদের বলেন, তদন্তের বিষয় এখনই কিছু প্রকাশ করা যাবে না বলে CBI-এর পক্ষ থেকে তাদের জানানো হয়েছে। তদন্তের অগ্রগতি তাদের কাছে সন্তোষজনক নয় বলে জানিয়ে আন্দোলনকারীরা কর্মবিরতি চালিয়ে যাবেন বলে স্পষ্ট জানিয়েছেন। ১১ দিনের কর্মবিরতির পর কল্যাণী এইমসের আন্দোলনরত চিকিৎসকরা গতকাল কাজে যোগ দিয়েছেন।

অন্যদিকে, নির্যাতিতার বাবা-মা আন্দোলনরত ছাত্রছাত্রীদের প্রতি সহমর্মিতা জানিয়ে প্রয়োজনে তাদের সঙ্গে যোগ দেবেন বলে জানিয়েছেন। মর্মান্তিক ঐ ঘটনার ১৪ দিনের

মাথায় তাঁরা গতকাল সাংবাদিকদের মুখোমুখি হয়ে তারা দাবী করেন, কর্তব্যরত একজন চিকিৎসকের সঙ্গে ঘটে যাওয়া এই নির্মম ঘটনায় কাউকে আড়াল করার চেষ্টা চলেছে। নির্যাতিতার অভিভাবকরা সিবিআই সঠিক তদন্ত করবে বলেও আস্থা প্রকাশ করেন।

(বাইট-নির্যাতিতার অভিভাবক )

************************

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, এই ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে যারা আন্দোলন করছেন, যেকোনো সচেতন নাগরিকই তা' সমর্থন করবেন ও করছেন।

এদিকে, আজ'ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে এই ঘটনার প্রতিবাদে বিক্ষোভ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বাম ছাত্র-যুব-মহিলা সংগঠন- SFI, DYFI, AIDWA পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি, ন্যায় বিচারের দাবীতে আজ 'লালবাজার চলো' অভিযানের ডাক দিয়েছে। বেলা দেড়টায় কলেজ স্ট্রিটে জমায়েত করে ওই অভিযানে সামিল হবে তাঁরা।

মৌলানা আজাদ কলেজের পড়ুয়া ও প্রাক্তনীরাও আজ বিকেলে কলেজের গেট থেকে ধর্মতলা মোড় পর্যন্ত এক বিক্ষোভ মিছিলে সামিল হবেন।

হিন্দু, হেয়ার ও সংস্কৃত কলেজিয়েট স্কুলের ছাত্ররাও বিকেলে স্কুল প্রাঙ্গণ থেকে এক প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে। স্কুলের প্রাক্তনী, শিক্ষক-শিক্ষিকা, অশিক্ষক কর্মী ও অভিভাবিকদের'ও এই মিছিলে যোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

শৈলেন্দ্র সরকার বিদ্যালয়ের প্রাক্তনীরাও বিদ্যালয়ের সামনে দুপুর ২'টো নাগাদ এক জমায়েতের ডাক দিয়েছে।

স্কুল পড়ুয়াদের প্রতিবাদ আন্দোলনে যুক্ত থাকার ক্ষেত্রে সরকার বিধিনিষেধ আরোপ করায়, তাঁরা এই কর্মসূচীতে স্কুল ড্রেস পরহিত কোনো ছাত্রকে যোগ না দেওয়ার আহ্বান জানিয়েছেন।

************************

রাজ্য সরকার, স্কুল পড়ুয়াদের রাস্তা অবরোধ সহ স্কুল বহির্ভূত কোনও কর্মসূচিতে নিয়ে যাওয়ার ওপরে নিষেধাজ্ঞা জারি করেছে। প্রতি জেলাশাসককে বিষয়টি নিশ্চিত করতে নির্দেশ দেওয়া হয়েছে। নবান্ন থেকে গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলাশাসকদের সঙ্গে বৈঠকে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা এই নির্দেশ দেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। কোনও রকমের প্রতিবাদ, রাস্তা অবরোধ-সহ নানা কর্মসূচিতে স্কুল পড়ুয়াদের ব্যবহার না করার বিষয়টি নিশ্চিত করতে বলা হয়েছে। মুখ্যসচিব জানিয়েছেন, স্কুল পড়ুয়াদের এধরণের কর্মসূচিতে নিয়ে যাওয়া কোনওমতেই অনুমোদনযোগ্য নয়। কোথাও এরকম কোনও ঘটনা ঘটে থাকলে তা খুঁজে বের করতে হবে। কোনও জায়গায় এরকম কর্মসূচি নেওয়া হলে তা বন্ধ করা এবং যাঁরা ওই কর্মসূচি গ্রহণ করছেন তাঁদের বিরুদ্ধে পদক্ষেপ করতে হবে বলেও স্পষ্ট ভাবে জানানো হয়েছে।

এদিকে শিক্ষার অধিকার আইন উদ্ধৃত করে বিদ্যালয় শিক্ষা দফতর ও এক নির্দেশিকা জারি করে জানিয়েছে, কোনও রাজনৈতিক কর্মসূচিতে স্কুল পড়ুয়ারা যোগ দিতে পারবে না । পাশাপাশি পড়ুয়াদের কোনরকম শারীরিক নিগ্রহ করে শাস্তি দেওয়া যাবে না বলেও উল্লেখ করা হয়েছে।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ, নিখিলবঙ্গ শিক্ষক সমিতি-ABTA সহ বিভিন্ন সংগঠন এই নিষেধাজ্ঞার তীব্র প্রতিবাদ ও তা’ প্রত্যাহারের দাবী জানিয়েছে।

*************************

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদিত বিদ্যালয়গুলিতে এবার ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত সামেটিভ Evaluations বা মূল্যায়নের উত্তরপত্র অভিভাবকদের দেখাতে হবে। পর্ষদের পক্ষ থেকে গতকাল এই সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করা হয়। পড়ুয়াদের অগ্রগতি সম্পর্কে অভিভাবকদের অবহিত করাই এর উদ্দেশ্য।

এদিকে, এই বিজ্ঞপ্তি নিয়ে শিক্ষক মহলে সমালোচনার ঝড় উঠেছে।

*************************

রাজ্য সরকার চলতি বছরে ৭৫ হাজার কৃষককে আধুনিক কৃষি সরঞ্জাম কিনতে সাহায্য করবে। এজন্য খরচ হবে ২৫০ কোটি টাকা। এই প্রক্রিয়ায় সম্পূর্ণ স্বচ্ছতা বজায় রাখতে এবার অনলাইনে লটারির মাধ্যমে প্রাপকদের বেছে নেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

কৃষি দফতর সূত্রে জানা গেছে, এবছর থেকেই কৃষি যন্ত্রের জন্য আর্থিক সহায়তা প্রকল্প বা এফএফএসএম-এর অধীনে কৃষকদের যন্ত্রপাতি কিনে দেওয়ার ক্ষেত্রে এবার অনলাইন আবেদনের পদ্ধতি চালু করা হয়েছে। গত ২০ অগস্ট থেকে কৃষি দফতরের পোর্টালে এই আবেদন নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। চলবে ৯ সেপ্টেম্বর পর্যন্ত। তার পরে আবেদনকারীদের মধ্যে লটারি করে কৃষি যন্ত্রাংশ দেওয়া হবে। কৃষি দফতরের শীর্ষ আধিকারিকদের নজরদারিতে এই লটারি করা হবে। কৃষি সরঞ্জাম বিলি নিয়ে অনিয়মের অভিযোগ রুখতেই সামগ্রিক প্রক্রিয়া অনলাইন করার এই সিদ্ধান্ত বলে কৃষি দফতর সূত্রে জানা গেছে ।

এছাড়া কৃষকবন্ধু প্রকল্পে নাম থাকা কৃষক বা সরকারি কোনও দফতরের স্বীকৃত কৃষক গোষ্ঠী কৃষিযন্ত্র ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য আবেদন করতে পারবেন। এই প্রকল্পের মাধ্যমে কোনও কৃষক বা কৃষকগোষ্ঠী পাওয়ার টিলার বা সৌরশক্তি চালিত পাম্প কেনার জন্য আবেদন জানাতে পারবেন। তবে সেক্ষেত্রে আগ্রহী কৃষকদের ০.৫ একর নিজস্ব জমি থাকতে হবে। ছোট যন্ত্রাংশের ক্ষেত্রে চাষিরা ৫০ শতাংশ ভর্তুকি পাবেন। চাষিরা পাওয়ার টিলার, ট্রাক্টর ছাড়া ড্রোনের জন্যও আবেদন করতে পারবেন।

************************

ভারতের খাদ্য সুরক্ষা ও নিয়ামক সংস্থা FSSAI, রাজ্যগুলিকে কৃষিকাজে কীটনাশকের ব্যবহার কম করার ক্ষেত্রে জোর দিয়ে এর জন্যে একটি আন্তঃ মন্ত্রক কমিটি গঠনের আর্জি জানিয়েছে। FSSAI-এর সি ই ও, জি কমলা বর্ধন রাও গতকাল মুখ্য উপদেষ্টা কমিটির ৪৪ তম বৈঠকে বলেন, কৃষিজ পদ্ধতি যাতে নিরাপদ ও কৃষিজাত পণ্য সুরক্ষিত থাকে, সেই লক্ষ্যে ই এই আবেদন ।
এর ফলে কীটনাশক ব্যবহারের জন্য উপভোক্তাদের স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকিও কিছুটা হ্রাস পাবে। রাজ্যগুলির কোন কোন জায়গায় অন হুইলস মোবাইল ল্যাব ফুড সেফটি চালু

করা যায় তা চিহ্নিত করার প্রয়োজনীয়তার ওপর শ্রী রাও জোর দেন। এই ধরণের ল্যাবগুলি উপভোক্তাদের মধ্যে সচেতনতা বাড়ানোর পাশাপাশি খাদ্য নিরাপত্তার বিষয়ে জরুরী তথ্য বিনিময়ে সহায়ক হয়ে উঠবে।

************************

রাজ্য সরকার সুইগি, জ্যোমাটোর মত অ্যাপ নির্ভর পণ্য সরবরাহকারী সংস্থার কর্মীদের সামাজিক সুরক্ষা দিতে উদ্যোগী হয়েছে। ন্যূনতম মজুরি, দুর্ঘটনা বিমা সহ অন্যান্য সুযোগ সুবিধে দিতে এই কর্মীদের জন্য একটি কল্যাণ পর্ষদ তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে বলে পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী জানিয়েছেন। তিনি বলেন, রোদ, ঝড়-বৃষ্টি উপেক্ষা করে রাতের বেলাতেও বাড়ি বাড়ি পরিষেবা দিয়ে থাকেন সংস্থার কর্মীরা। তাদের স্বীকৃতি দিতেই রাজ্য সরকারের এই পরিকল্পনা ।

( বাইট- স্নেহাশিস )

সম্প্রতি নবান্নে এব্যাপারে একটি বৈঠক হয়। অর্থ, শ্রম এবং পরিবহণ দফতরের উচ্চপদস্থ অফিসাররা ঐ বৈঠকে অংশ নিয়েছিলেন।

************************

উত্তর বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং উত্তর বাংলাদেশ সংলগ্ন এলাকায় ঘনীভূত নিম্নচাপের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। একইসঙ্গে রাজস্থানের বিকানির থেকে উত্তর পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত মৌসুমী অক্ষরেখাও সক্রিয় রয়েছে। এর জেরে উত্তর ও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে সোমবার ২৬ শে আগস্ট পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

আজ দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও দুই বর্ধমানে ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা সতর্কতা এবং দক্ষিণবঙ্গের অন্যান্য জেলায় ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, দুই দিনাজপুর ও মালদাতেও জারি রয়েছে ভারি বৃষ্টির হলুদ সতর্কতা।

কলকাতায় ভারি বৃষ্টির সতর্কতা না থাকলেও বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে  'মন কি বাত'-এ তাঁর চিন্তা ভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক  এই বেতার অনুষ্ঠানটির **১১৩**-তম পর্ব। শোনা যাবে বেলা **১১**'টা থেকে আকাশবাণীর সবক'টি প্রচার তরঙ্গে ।

আকাশবাণী সংবাদের website ও newsonair mobile app-এও সরাসরি সম্প্রচারিত হবে মন কি বাত। আকাশবাণী ও দূরদর্শন সংবাদ, প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও এটির live স্ট্রিমিং হবে। হিন্দিতে সম্প্রচারের অব্যবহিত পরেই  শোনা যাবে বাঙলা সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায় এর অনুবাদ। রাত আটটায় এর তর্জমা পুনঃপ্রচারিত হবে।

*************************

মোহনবাগান সুপার জায়ান্ট ও বেঙ্গালুরু এফ সি আগামী মঙ্গলবার যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি হবে। গতকাল যুবভারতী ক্রীড়াঙ্গনে কোয়ার্টার ফাইনাল ম্যাচে বেঙ্গালুরু এফ সি ১-০ গোলে কেরালা ব্লাস্টারসকে হারিয়ে দেয়। গোল করেন পেরেয়া ডিয়াজ।

জামশেদপুরে অন্য কোয়ার্টার ফাইনালে  মোহনবাগান সুপার জায়ান্ট সাডেন ডেথ টাইব্রেকারে ৬-৫ গোলে পাঞ্জাব এফসি-কে হারিয়ে শেষ চারে পৌঁছয়।

******************************************************************